সংবাদ

তারিখ 16 JUN 2015
পৃষ্ঠা ........ কলাম ........

নাওডাঙ্গা মাদ্রাসায় নিয়োগ বাণিজ্য

# ফুলবাড়ীতে পরীক্ষা বর্জন করে শিক্ষার্থীদের বিক্ষোভ

প্রতিনিধি, ফুলবাড়ী (কুড়িগ্রাম)

কুড়িগ্রামের ফুলবাড়ী উপজেলায় যোগ্য শিক্ষক না নিয়ে মোটা অংকের টাকার বিনিময় অযোগ্য শিক্ষক নিয়োগ দেয়ার প্রতিবাদে পরীক্ষা বর্জন করে বিক্ষোভ মিছিল করেছে শিক্ষার্থীরা। গত দুই দিন ধরে এ নিয়ে নাওডাঙ্গা ডিএস দাখিল মাদরাসায় অর্ধ বার্ষিক পরীক্ষায় অংশগ্রহন করছেন না ছাত্র ছাত্রীরা। বিক্ষুব্ধ ছাত্ররা এসময় কয়েকটি বেঞ্চ, চেয়ার টেবিল ভাংচুর করে তালা ঝুলিয়ে দিয়েছে প্রতিষ্ঠানে। যা বর্তমানে অচল অবস্থা সৃষ্টি হয়েছে ওই প্রতিষ্ঠানের শিক্ষার ব্যবস্থা।

শিক্ষার্থীরা বলেন, উপজেলার নাওডাঙ্গা ডিএস দাখিল মাদরাসার গণিত বিষয়ে সহকারী শিক্ষক পরীক্ষা গত ১১ জুন জেলার নাগেশ্বরী উপজেলার সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ে নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়। সেখানে ৪জন দরখাস্তকারী অংশগ্রহন করেন। তাদের মধ্যে গোড়ক মন্ডল গ্রামের সাইফুল ইসলামের পুত্র আব্দুল মতিন মিয়াকে নিয়োগ দেয়ার সুপারিশে করেন নিয়োগ কমিটি। সে আলোকে গত রোববার সকালে ওই শিক্ষক প্রতিষ্ঠানে যোগদান করার খবর ছড়িয়ে পড়ায় তার নিয়োগ বাতিলের দাবিতে বিক্ষোভ করে গোটা প্রতিষ্ঠানে তালা লাগিয়ে দেয় শিক্ষার্থীরা। ফলে শনিবার ও গতকাল রোববার পরীক্ষা না দিয়ে দফায় দফায় বিক্ষোভ মিছিল নিয়ে বালারহাট বাজার প্রদক্ষিণ করেন। তাদের দাবি অযোগ্য ওই শিক্ষকের নিয়োগ অবিলম্বে করার। তা না হলে আরোকঠোর কর্মসূচি নিতে বাধ্য হবে শিক্ষার্থীরা। প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির সদস্য রুহুল কুদ্দুস, ও সোলায়মান আলী বলেন গোপনে শিক্ষক নিয়োগ দেয়া হয়েছে বলে দাবী করে করেন। সে জন্য তারা কিছুই জানেন না। মাদরাসা সুপার ওমর আলী বলেন, বিধি মোতাবেক শিক্ষক নিয়োগ হয়েছে। প্রতিষ্ঠানের কিছু শিক্ষকের নির্দেশে এই অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটেছে। এ ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার নাসির উদ্দিন মাহমুদ জানান, আমি ট্রেনিংয়ে আছি ফিরে এসে ঘটনাস্থল পরিদর্শন করে ব্যবস্থা নেয়া হবে।